



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ অক্টোবর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### পানছড়িতে সংস্কারবাদী কর্তৃক ৫ গ্রামবাসীকে জিম্মির নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অনি চাকমা আজ শুক্রবার ১২ অক্টোবর ২০১৮ এক বিবৃতিতে সংস্কারবাদী জেএসএস কর্তৃক পানছড়ি উপজেলার লতিবান ইউনিয়নের দক্ষিণ নালকাবা গ্রামের ৫ গ্রামবাসীকে জিম্মির ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে জিম্মিদের উদ্ধারে পদক্ষেপ নেয়ার জন্য প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে ইউপিডিএফ নেতা বলেন, ‘গত বুধবার (১০ অক্টোবর) একটি বিশেষ মহলের সহায়তায় দীপন আলো চাকমার নেতৃত্বে সংস্কারবাদী গ্রুপের একদল সশস্ত্র সন্ত্রাসী নালকাবা গ্রামে গিয়ে ফাঁকা গুলি বর্ষণ করে আতঙ্ক সৃষ্টির চেষ্টা করে। এ সময় তারা কালেন্দ্র চাকমার ছেলে তপন বিকাশ চাকমাকে (২৮) অপদস্থ করে, তার মোবাইল ফোন ছিনিয়ে নেয় এবং পরদিন বৃহস্পতিবার সকালে তাকে তাদের আস্তানা ভাইবোন ছড়ার দেওয়ান পাড়ায় গিয়ে যোগাযোগ করার নির্দেশ দিয়ে চলে যায়।

‘তাদের কথামত তপন বিকাশ চাকমা বৃহস্পতিবার দেওয়ান পাড়ায় গেলে সংস্কারবাদীরা তাকে জিম্মি করে এবং অতঃপর তাকে ছাড়িয়ে নেয়ার জন্য গ্রামবাসীদের খবর দেয়। এরপর দুপুর ১২টার দিকে ৭ জন গ্রামবাসী তাদের সাথে যোগাযোগ করতে দেওয়ান পাড়ায় গেলে সন্ত্রাসীরা তাদের মধ্য থেকে আরো ৪ জনকে জিম্মি করে অজ্ঞাত স্থানে নিয়ে যায়। এই চারজন হলেন সত্যদাল চাকমা (৬৫), সমীরণ চাকমা (৩০), পিতা- অনন্ত লাল চাকমা, বীর চন্দ্র চাকমা(৬০) ও কাঞ্চ্যারাম চাকমা (৩২)। অপর ৩ জনকে ছেড়ে দেওয়া হয়।


‘সংস্কারবাদী সন্ত্রাসীরা জিম্মি ৫ জনের মুক্তির জন্য ৫ লক্ষ টাকা দাবি করেছে এবং আজ শুক্রবার সকাল ১০টার মধ্যে টাকা দিতে না পারলে ৫ জনকেই মেরে ফেলার হুমকি দিয়েছে।’

এদিকে অপর এক ঘটনায় গতকাল রাতে মহালছড়ি উপজেলার চংড়াছড়ি মুখ পাড়া থেকে সংস্কারবাদী সন্ত্রাসীরা সোনাময় চাকমা(৫০), পিতা- বাত্যারাম চাকমা নামে এক ব্যক্তিকে অপহরণ করে মারধরের পর ছেড়ে দেয় বলে ইউপিডিএফ নেতা জানান।

সংস্কারবাদীরা দিনের পর দিন অবাধে খুন, অপহরণ, মুক্তিপণ আদায় ও চাঁদাবাজিসহ বিভিন্ন সন্ত্রাসী তৎপরতা চালানোর পরও তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ না দেয়ার জন্য অনি চাকমা প্রশাসনের তীব্র সমালোচনা করেন এবং অবিলম্বে সংস্কারবাদীদের কুখ্যাত আস্তানায় হানা দিয়ে তাদের গ্রেফতারের দাবি জানান।

সংস্কারবাদীরা গত বছর নভেম্বর থেকে আজ পর্যন্ত ২৬ জনকে জনকে খুন ও উক্ত ৫ গ্রামবাসীকে জিম্মিসহ কমপক্ষে ৯৮ জনকে অপহরণ এবং আনুমানিক দেড় কোটি টাকা মুক্তিপণ আদায় করেছে বলে ইউপিডিএফ নেতা জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।